

স্যার সিয়ুসাগুর রামগুলাম এবং স্যার আনেরুদ জগন্নাথের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন
প্রধানমন্ত্রী (11 মার্চ, 2025)

11 মার্চ, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ প্যাম্পলমাউসেসের স্যার সিয়ুসাগুর রামগুলাম বোটানিক গার্ডেনে স্যার সিয়ুসাগুর রামগুলাম এবং স্যার আনেরুদ জগন্নাথের সমাধিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সাথে ছিলেন মরিশাসের প্রধানমন্ত্রী, মহামহিম নবীনচন্দ্র রামগুলাম। এই উপলক্ষে প্রধানমন্ত্রী মোদী মরিশাসের অগ্রগতি এবং ভারত-মরিশাসের সম্পর্কের ভিত্তি শক্তিশালী করতে দুই নেতার স্থায়ী উত্তরাধিকারের কথা স্মরণ করেন।

2. পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের পর, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী, মাননীয় নবীনচন্দ্র রামগুলাম ঐতিহাসিক উদ্যানে "এক পেড় মা কে নাম" - উদ্যোগের অধীনে একটি চারাগাছ রোপণ করেন।

পোর্ট লুই

11 মার্চ, 2025